www.xtrapapers.com



Diploma Programme
Programme du diplôme
Programa del Diploma

# Bengali A: literature – Standard level – Paper 2
# Bengali A : littérature – Niveau moyen – Épreuve 2
# Bengalí A: literatura – Nivel medio – Prueba 2

Monday 11 May 2015 (morning)
Lundi 11 mai 2015 (matin)
Lunes 11 de mayo de 2015 (mañana)

1 hour 30 minutes / 1 heure 30 minutes / 1 hora 30 minutos

---

### Instructions to candidates

- Do not open this examination paper until instructed to do so.
- Answer one essay question only. You must base your answer on at least two of the Part 3 works you have studied and compare and contrast these works in response to the question. Answers which are not based on a discussion of at least two Part 3 works will not score high marks.
- You are not permitted to bring copies of the works you have studied into the examination room.
- The maximum mark for this examination paper is **[25 marks]**.

### Instructions destinées aux candidats

- N'ouvrez pas cette épreuve avant d'y être autorisé(e).
- Traitez un seul sujet de composition. En basant votre réponse sur au moins deux des œuvres de la troisième partie que vous avez étudiées, vous devez comparer et opposer ces œuvres dans le cadre du sujet. Les réponses qui ne sont pas basées sur au moins deux des œuvres de la troisième partie n'obtiendront pas une note élevée.
- Vous n'êtes pas autorisé(e) à apporter des exemplaires des œuvres que vous avez étudiées dans la salle d'examen.
- Le nombre maximum de points pour cette épreuve d'examen est de **[25 points]**.

### Instrucciones para los alumnos

- No abra esta prueba hasta que se lo autoricen.
- Conteste una sola pregunta de redacción. Base su respuesta en al menos dos de las obras estudiadas de la Parte 3, comparándolas y contrastándolas en relación con la pregunta. Las respuestas que no se basen en al menos dos obras de la Parte 3 no recibirán una puntuación alta.
- No está permitido traer copias de las obras estudiadas a la sala de examen.
- La puntuación máxima para esta prueba de examen es **[25 puntos]**.

2215–0024



© International Baccalaureate Organization 2015

International Baccalaureate
Baccalauréat International
Bachillerato Internacional

www.xtrapapers.com



যে কোন **একটি** প্রশ্নের উত্তর দিন। উত্তরটি আপনার পড়া তৃতীয় ভাগের দুই ভিন্ন লেখকের অন্ততঃপক্ষে **দুটি** রচনার উপর ভিত্তি করে দিতেই হবে এবং উত্তরটি সেই রচনা দুটির **তুলনামূলক ও বিপরীতধর্মী** আলোচনার মাধ্যমে দিতে হবে। যদি উত্তর তৃতীয় অংশের দুই ভিন্ন লেখকের অন্ততঃপক্ষে দুটি রচনার আলোচনার উপর ভিত্তি করে **না** দেওয়া হয় তবে ভাল মার্ক্স পাওয়া যাবে **না**।

**কবিতা**

1. তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি কবিতার তুলনামূলক আলোচনা করে দেখাও কবিরা কিভাবে কবিতায় সফলভাবে নস্টালজিয়া বা হারান দিনের মধুর স্মৃতি সম্পর্কে আকুলতার অনুভূতি তৈরি করেন।

2. তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি কবিতার তুলনামূলক আলোচনা করে দেখাও কবিরা প্রকৃতির প্রতি বিভিন্ন ধরণের মানসিকতা কোন সাহিত্যিক শৈলীর মাধ্যমে প্রকাশ করেছেন।

3. কবিরা যে সাহিত্যিক প্রকাশভঙ্গীর মাধ্যমে হতাশাবাদ ও অসহায়তার অনুভূতি গড়ে তোলেন, তা তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি কবিতার তুলনামূলক আলোচনা করে দেখাও।

**উপন্যাস**

4. উপন্যাসে আধুনিক ও পুরাতন, কিংবা সংস্কার ও আধুনিকতার মধ্যকার দ্বন্দ্ব কিভাবে গড়ে ওঠে তা তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি উপন্যাসের তুলনামূলক আলোচনা করে দেখাও।

5. "ঔপন্যাসিকরা কোন একটি নির্দিষ্ট সমাজ বা সংস্কৃতি থেকে বিচ্ছিন্ন বা এলিয়েনেটেড চরিত্রের মাধ্যমে সেই সমাজ বা সংস্কৃতির মূল্যবোধ প্রতিষ্ঠা করেন।" তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি উপন্যাসে সামাজিক বা সাংস্কৃতিক বিচ্ছিন্নতা কিভাবে গড়ে তোলা হয়েছে তার একটি তুলনামূলক আলোচনা কর ও দেখাও পারিপার্শ্বিক সমাজের নীতি ও মনোভাব সম্বন্ধে তা কি ধারণা প্রকাশ করে।

6. "সময়ের ধারাবাহিক অনুক্রমের (ক্রোনোলজিকাল সিকোয়েন্স) পরিবর্তে সময়কে উদ্দেশ্যমূলকভাবে স্বকার্যে লাগিয়ে (ম্যানিপুলেশন), তাকে পরিবর্তন (অলটারেশন), বিলম্বিত (সাসপেনশন) বা ত্বরাণ্বিত (অ্যাক্সেলারেশন) করা উপন্যাসের শৈলীকে মনগ্রাহী করে তুলতে সাহায্য করে।" তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি উপন্যাসের তুলনামূলকভাবে আলোচনার মাধ্যমে দেখাও সময়ের উপস্থাপনা কিভাবে উপন্যাসের সামগ্রিক সাহিত্যিক মূল্যকে প্রভাবিত করে।

www.xtrapapers.com



**ছোটগল্প**

**7.** ছোটগল্পে উত্তেজক টানাপোড়েন গড়ে তোলার জন্য লেখক যে সব বিশেষ সাহিত্যিক কৌশল ব্যবহার করেন তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি ছোটগল্পের প্রেক্ষিতে সেগুলির তুলনামূলকভাবে আলোচনা কর এবং দেখাও সেই সাহিত্যিক কৌশলগুলি কিভাবে ছোটগল্পকে সফল করে তুলতে সাহায্য করে।

**8.** সঠীক মেজাজ (মুড) এবং ভাব (টোন) কিভাবে একটি ছোটগল্পকে সফলভাবে উপস্থাপিত করতে সাহায্য করে তা তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি ছোটগল্পের তুলনামূলক আলোচনার মাধ্যমে দেখাও।

**9.** তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি ছোটগল্পে নৈতিকভাবে অনিশ্চিত চরিত্রের (যাকে শুধুমাত্র ভাল অথবা শুধুমাত্র মন্দ হিসাবে ব্যাখ্যা করা যায় না) উপস্থাপনা কিভাবে একটি ছোটগল্পে বৈচিত্র্য আনতে ও তাকে সফল করে তুলতে সাহায্য করে তার একটি তুলনামূলক আলোচনা করে দেখাও।

**প্রবন্ধ**

**10.** তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি প্রবন্ধের প্রেক্ষিতে তুলনামূলক আলোচনার মাধ্যমে দেখাও প্রবন্ধকার কিভাবে এক বিশেষ উপলব্ধিমূলক ভাষার মাধ্যমে পাঠকদের কাছে তাঁর বক্তব্য সফলভাবে তুলে ধরেন।

**11.** প্রবন্ধকার কিভাবে বিশেষ বিশেষ সাদৃশ্যমূলক বর্ণনা (প্যারালাল) বা ঘটনার পুনরাবৃত্তিকে (রেকারেন্স) ব্যবহার করেন তাঁর বিষয়বস্তুকে সঠিকভাবে উপস্থাপন ও পাঠকদের মনঃসংযোগ ধরে রাখার জন্য, তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি প্রবন্ধের প্রেক্ষিতে তার একটি তুলনামূলক আলোচনা কর।

**12.** তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি প্রবন্ধের তুলনার মাধ্যমে দেখাও যুক্তির উপস্থাপনা ও যুক্তিবাদী আলোচনার মাধ্যমে প্রবন্ধকার কিভাবে তাঁর বক্তব্যকে সফলভাবে গড়ে তোলেন।